

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ও গণযোগাযোগ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০২৫.২৭.০০২.২৫. ২০৭

তারিখ: ০৭ আশ্বাঢ় ১৪৩৬
২২ জুন ২০২৫

প্রজ্ঞাপন

যেহেতু, ঢাকা জেলা তথ্য অফিসের সহকারী পরিচালক জনাব হাসান পারভেজ এর বিরুদ্ধে গণযোগাযোগ অধিদপ্তর ১৮.০৩.২০২৫ তারিখের ১৫.৫৬.০০০০.০০১.১৯.১৫৬.২০.৩৭২ নম্বর স্মারকমূলে ০৯.০১.২০২৫ তারিখ হতে ১২.০৩.২০২৫ তারিখ পর্যন্ত একটানা ০২ (দুই) মাস ০৩ (তিন) দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, গণযোগাযোগ অধিদপ্তরের অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী পলায়ন (Desertion) এর অভিযোগে অভিযুক্ত হওয়ায় তার বিরুদ্ধে ০২/২০২৫ নং বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং একই বিধিমালার বিধি-৪ মোতাবেক কেন তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না এ বিষয়ে পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাব দাখিল করার জন্য এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী চান কিনা তাও উল্লেখ করার জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, জনাব হাসান পারভেজ আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা সে সংক্রান্ত কোনো আবেদন তাঁর নিকট হতে পাওয়া যায়নি;

যেহেতু, তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সূচিত কার্যধারাটি অগ্রসর হওয়ার মতো পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধিমতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিস্তারিত তদন্ত শেষে গত ০৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ১৫.০০.০০০০.০২২. ৩৮.০০২.২৫.৩৬ নম্বর স্মারকে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং জনাব হাসান পারভেজ, সহকারী পরিচালক, জেলা তথ্য অফিস, ঢাকা এর গত ০৯.০১.২০২৫ তারিখ হতে ১২.০৩.২০২৫ তারিখ পর্যন্ত একটানা ০২ (দুই) মাস ০৩ (তিন) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগের বিষয়টি প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় (২/২০২৫) আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমতে তিনি 'পলায়ন' এর দায়ে দোষী সাব্যস্ত হন বিধায় দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ঢাকা জেলা তথ্য অফিসের সহকারী পরিচালক জনাব হাসান পারভেজ এর বিরুদ্ধে রুজুকৃত ০২/২০২৫ নং বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত 'পলায়ন' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ এর (২)(ঘ) উপবিধি অনুযায়ী তাকে 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' অর্থাৎ জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডের ২২০০০-৫৩০৬০/- টাকা বেতনস্কেলে ৩০,৯৯০/- টাকা মূলবেতনে অবনমিতকরণ-সূচক 'লঘুদণ্ড' প্রদান করা হলো।

২। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মাহবুব ফারজানা)
সচিব

নম্বর: ১৫.০০.০০০০.০২৫.২৭.০০২.২৫. ২০৭ (৯)

তারিখ: ০৭ আশাঢ় ১৪৩৬
২৩ জুন ২০২৬সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৬। চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৮। সিস্টেম অ্যানালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। জনাব হাসান পারভেজ, সহকারী পরিচালক, জেলা তথ্য অফিস, ঢাকা
(স্থায়ী ঠিকানা: ১৯ এ/বি, মাজার রোড, ২য় কলোনী, মিরপুর-১, ঢাকা)


২৩/৬/২০২৬
(সালমা হাসনায়েন)
উপসচিব
ফোন: ২২৩৩৮৮০৬৪